গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
**সিজিএ ভবন**
সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/SPEMP/২০১১/৩২৮(খন্ড-৩)/ ১০৮০ তারিখ : ০৬/০৯/২০১৬ খ্রি:।

# পরিপত্র

**বিষয় ঃ বদলীকৃত সরকারি কর্মচারীদের অনলাইনে বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী স্থানান্তর প্রসঙ্গে।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সিজিএ কার্যালয়ের পরিপত্র নং সিজিএ/ হিসাব ও সিডিপিইউ/ SPEMP/২০১১/৩২৮(খন্ড-৩)/১০০২ তারিখ:২০/০৪/২০১৬ (কপি সংযুক্ত) এর মাধ্যমে বর্তমানে সিজিএ এর আওতাধীন সকল হিসাবরক্ষণ অফিসে অনলাইনে বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদন সম্পন্ন হওয়ার পর কোন সরকারি কর্মচারী অন্য হিসাবরক্ষণ অফিসের আওতায় বদলী হলে বা একই হিসাবরক্ষণ কার্যালয়ের আওতাধীন এক অফিস থেকে অন্য অফিসে বদলী হলে তাঁর অনলাইনে বেতন নির্ধারণী তথ্যাবলী বর্তমান হিসাবরক্ষণ অফিস হতে বদলীকৃত হিসাবরক্ষণ অফিসে **বাধ্যতামূলকভাবে** প্রেরণের ক্ষেত্রে সিজিএ কার্যালয় কর্তৃক প্রদানকৃত নির্দেশনা অনুসরণ করা হচ্ছে না। আবার সংশ্লিষ্ট কর্মচারী বদলী হয়ে যে হিসাবরক্ষণ অফিসের আওতায় আসবেন উক্ত হিসাবরক্ষণ অফিসও বদলীকৃত তথ্যাদি অনলাইনে গ্রহণের ক্ষেত্রে করণীয় সম্পর্কে প্রদানকৃত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করছে না। ফলে বদলীকৃত সরকারি কর্মচারীরা ভোগান্তির শিকার হচ্ছেন।

এমতাবস্থায় উক্ত পরিপত্রের নির্দেশনা কঠোরভাবে পরিপালনের জন্য সিজিএ মহোদয় নির্দেশ প্রদান করেছেন। উক্ত পরিপত্রের নির্দেশনা প্রতিপালন সংক্রান্ত একটি বাস্তবায়ন প্রতিবেদন প্রতি মাসের ১০(দশ) তারিখের মধ্যে সিজিএ কার্যালয়ে প্রেরণ (অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব ও পদ্ধতির দৃষ্টি আকর্ষণ করত:) করতে হবে।

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের অনুমোদনক্রমে।

০৬/০৯/১৬

(আবদুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)
ফোন ঃ ৯৩৪৯৮৪৪।

কার্যার্থে প্রেরণ করা হল ঃ

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)। | উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়কে অবগতির অনুরোধসহ।
৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৫। অফিস কপি।

নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/SPEMP/২০১১/৩২৮(খন্ড-৩)/১০৮০ তারিখ :০৬/০৯/২০১৬ খ্রি:।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/ হিসাব ও পদ্ধতি)।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।
৩। উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/আইসিইউ/পদ্ধতি)।
৪। পিএস টু সিজিএ।

০৬/০৯/১৬

(মোসাঃ ইফফাত আরা খাতুন)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
ফোন ঃ ৯৩৫৬৫০২।

C:\Users\accteam\Desktop\328 part-2.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
**সিজিএ ভবন**
সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/SPEMP/২০১১/৩২৮(খন্ড-৩)/১০০২ তারিখ : ২০/০৪/২০১৬ খ্রি:।

**পরিপত্র**

**বিষয় ঃ বদলীকৃত সরকারি কর্মচারীদের অনলাইনে বেতন নির্ধারণ সংক্রান্ত বিবরণী স্থানান্তর প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে সিজিএ এর আওতাধীন সকল হিসাবরক্ষণ অফিসে অনলাইনে বেতন নির্ধারণ বিবরণী প্রতিপাদন করা হচ্ছে। উক্ত প্রতিপাদন সম্পন্ন হওয়ার পর কোন সরকারি কর্মচারী অন্য হিসাবরক্ষণ অফিসের আওতায় বদলী হলে তাঁর অনলাইনে বেতন নির্ধারণ সংক্রান্ত সকল তথ্যাবলী বর্তমান হিসাবরক্ষণ অফিস হতে বদলীকৃত হিসাবরক্ষণ অফিসে বাধ্যতামূলকভাবে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে নিম্নে উল্লেখিত পদ্ধতি মোতাবেক www.payfixation.gov.bd/accounts এ লগইনের মাধ্যমে তথ্যাদি প্রেরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। একই সাথে সংশ্লিষ্ট কর্মচারী বদলী হয়ে যে হিসাবরক্ষণ অফিসের আওতায় আসবেন, উক্ত হিসাবরক্ষণ অফিসও বদলীকৃত তথ্যাদি অনলাইনে গ্রহণ করে সংশ্লিষ্ট রেজিষ্ট্রারে এন্ট্রি করবেন।

১। **বর্তমান হিসাবরক্ষণ অফিসের করণীয়** ঃ

**(ক) বদলী (ইস্যু)** ঃ সাধারণ আইডি দিয়ে লগইন করে এই অপশনের মাধ্যমে বদলী পরবর্তী হিসাবরক্ষণ অফিস নির্বাচন এবং এলপিসি নং ও তারিখ এন্ট্রি করতে হবে।

**(খ) বদলী অনুমোদন (ইস্যু)** ঃ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক এডমিন আইডি দিয়ে লগইন করে এই অপশনে ক্লিক করলে অনুমোদনের অপেক্ষায় থাকা বদলী (ইস্যু) এর তালিকা দেখা যাবে। **"চূড়ান্ত করুন"** বাটনে ক্লিক করলেই সংশ্লিষ্ট কর্মচারীর বেতন নির্ধারণ সংক্রান্ত তথ্য প্রেরণের বিষয়টি চূড়ান্ত হবে।

২। **বদলীকৃত হিসাবরক্ষণ অফিসের করণীয়** ঃ

**(ক) বদলী অনুমোদন (প্রাপ্তি)** ঃ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক এডমিন আইডি দিয়ে লগইন করে এই অপশনে ক্লিক করলে অন্য অফিস হতে প্রেরিত বেতন নির্ধারণ সংক্রান্ত তথ্যের তালিকা দেখা যাবে।**"চূড়ান্ত করুন"** বাটনে ক্লিক করলেই সংশ্লিষ্ট কর্মচারীর বেতন নির্ধারণ সংক্রান্ত তথ্য গ্রহণের বিষয়টি চূড়ান্ত হবে। তবে চূড়ান্তকরণের পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর বর্তমান পদবী ও বর্তমানে কর্মরত অফিসের নামসহ প্রয়োজনীয় তথ্যাদি পরিবর্তন করতে হবে।

একই হিসাবরক্ষণ কার্যালয়ের আওতাধীন সরকারি কর্মচারী এক অফিস থেকে অন্য অফিসে বদলী হলে অফিস পরিবর্তন সংক্রান্ত অপশন ব্যবহার করে নিম্নোক্ত নিয়মে সংশ্লিষ্ট কর্মচারীর তথ্যাদি পরিবর্তন করতে হবে।

**(i)** **অফিস পরিবর্তন** ঃ এই অপশনের মাধ্যমে সাধারণ আইডি দিয়ে সংশ্লিষ্ট কর্মচারীর বদলী পরবর্তী পদস্থাপিত অফিসের তথ্যাদি এন্ট্রি করতে হবে।

**(ii)** **অফিস পরিবর্তন অনুমোদন** ঃ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক এডমিন আইডি দিয়ে লগইন করে এই অপশনে ক্লিক করলে অফিস পরিবর্তন চূড়ান্তকরণের অপেক্ষায় থাকা তালিকা প্রদর্শিত হবে। **"চূড়ান্ত করুন"** বাটনে ক্লিক করলেই সংশ্লিষ্ট কর্মচারীর অফিস পরিবর্তন সংক্রান্ত তথ্য চূড়ান্ত হবে।

৩। বিষয়টি অতীব জরুরী। সে কারণে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসকে এই বিষয়ে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(মোঃ কামরুল আলম)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোন ঃ ৯৩৬০৮৫৯।

কার্যার্থে প্রেরণ করা হল ঃ
১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)/ সকল ইউএওদের অবগতির অনুরোধসহ।
৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
৫। অফিস কপি।
C:\Users\farhanab\Desktop\328 part-2.doc

নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/SPEMP/২০১১/৩২৮(খন্ড-৩)/১০০২ তারিখ : ২০/০৪/২০১৬ খ্রি:।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
{দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, বাজেট-১}

২। কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ (PEMS) কর্মসূচি, ইউসেফ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতি: কর্মসূচি পরিচালক (iBAS++ ও একাউন্টস)।

৩। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/ হিসাব ও পদ্ধতি)

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।

৫। উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/আইসিইউ/পদ্ধতি)

৬। পিএস টু সিজিএ।

20/04/16

(আবদুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)
ফোন ঃ ৯৩৪৯৮৪৪।

O/C

C:\Users\farhanab\Desktop\328 part-2.doc